# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বন্দর ভবন, বন্দর, চট্টগ্রাম-৪১০০, বাংলাদেশ
ফোন ঃ ০২-৩৩৩৩৩০৮৭৮, ইমেইল ঃ dtcpa@cpa.gov.bd
www.cpa.gov.bd

FBCCI
Date of Receipt 22/8 Time 12:00
Entry No. 302 Signature

## -ঃ নোটিশ ঃ-

বিষয় ঃ চট্টগ্রাম বন্দরের আইসিডি ইয়ার্ডে ঢাকা আইসিডিগামী কন্টেইনার সংখ্যা বৃদ্ধি পাওয়ায় কন্টেইনারসমূহ যানবাহন বা কার্গো ঘোষণা সংশোধনের মাধ্যমে চট্টগ্রাম বন্দর থেকে ডেলিভারী নেওয়ার বিষয়ে দিক-নির্দেশনা প্রদান।

সূত্র ঃ জাতীয় রাজস্ব বোর্ড এর নথি নং-০৮.০১.০০০০.৫৩.০২.০৪৯.২৩/৩৬০, তারিখঃ ২২ আগস্ট, ২০২৪ খ্রি.।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দরের আইসিডি ইয়ার্ডে ঢাকা আইসিডিগামী কন্টেইনার সংখ্যা বৃদ্ধি পাওয়ায় উক্ত কন্টেইনারসমূহ আমদানিকারকের অভিপ্রায় অনুযায়ী কাস্টমস হাউস, চট্টগ্রাম/কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর/কাস্টমস হাউস, পানগাঁও এর মাধ্যমে ডেলিভারী নেওয়ার বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) কর্তৃক একখানা প্রজ্ঞাপন জারী করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপন অনুযায়ী সকল আমদানীকারক গণকে জরুরী ভিত্তিতে পণ্য ডেলিভারী নিতে অনুরোধ করা গেল।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইহা জারী করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০১ (এক) পাতা।

২২/৮/২৪
সচিব
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
তারিখ ঃ ২২/০৮/২০২৪ খ্রিঃ

নং- ডিটি/আইসিডি/কন্টেইনার/প্রেরণ/১৯২/২১৪৫

অনুলিপি ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, চট্টগ্রাম।
২। টার্মিনাল ম্যানেজার, আইসিটি, পানগাঁও, ঢাকা।
৩। ডেপুটি ট্রাফিক ম্যানেজার, আইসিডি, কমলাপুর, ঢাকা।
৪। টার্মিনাল ম্যানেজার, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৫। কমিশনার, কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা।
৬। কমিশনার, কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা।
৭। প্রেসিডেন্ট, এফবিসিসিআই, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা।
৮। প্রেসিডেন্ট, চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
৯। প্রথম ভাইস প্রেসিডেন্ট, বিজিএমইএ, বিজিএমইএ ভবন,লেভেল-৪ ও ৫, ৬৬৯/ই, ঝাউতলা রোড, দক্ষিণ খুলশী, চট্টগ্রাম।
১০। সহ-সভাপতি, বিকেইএমএ, চেম্বার ভবন (৫ তলা), ৩৮, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
১১। সভাপতি, ঢাকা কাস্টম এজেন্ট এসোসিয়েশন, ৩/সি, নিউ বেইলী রোড, রমনা, ঢাকা।
১২। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্ট এসোসিয়েশন, মক্কা-মদিনা টাওয়ার, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
১৩। চেয়ারম্যান, বাংলাদেশ কন্টেইনার শিপিং এসোসিয়েশন, কসপেস (৯ম তলা), এ আর টাওয়ার, ২৪ কামাল আকাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা।
১৪। সভাপতি/সাধারণ সম্পাদক, চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়াডিং এজেন্টস্ এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার (১২ তলা), আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
১৫। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন (বাফা), আনোয়ার ট্রেড সেন্টার (লেভেল-১০) (যমুনা ভবনের পার্শ্বে), ১৭২৮, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
১৬। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৭। পি এস টু সদস্য, শুল্ক ও নীতি, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৮। পি এস টু চেয়ারম্যান- চেয়ারম্যান, চবক মহোদয়ের সদয় অবগতির জন্য।

২২/৮/২৪
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.৫৩.০২.০৪৯.২৩ | ৬৬০ তারিখ: ২২ আগস্ট, ২০২৪ খ্রি.

**বিষয় : চট্টগ্রাম বন্দরের আইসিডি ইয়ার্ডে ঢাকা আইসিডিগামী কন্টেইনার সংখ্যা বৃদ্ধি পাওয়ায় কন্টেইনারসমূহ যানবাহন বা কার্গো ঘোষণা সংশোধনের মাধ্যমে চট্টগ্রাম বন্দর থেকে ডেলিভারী নেওয়ার বিষয়ে দিক-নির্দেশনা প্রদান।**

সূত্র: ১। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এর পত্র নং-টিএম/আইসিডি/১৮.০৪.০০০০.০৩৪.১৮.০০৪.১৯/১৯৮০, তারিখ: ০৪/০৮/২০২৪ খ্রিঃ;
২। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এর পত্র নং-ডিটি/আইসিডি/কন্টেইনার/প্রেরণ/১৯২/২১৩৪, তারিখ : ২১/০৮/২০২৪ খ্রিঃ;
৩। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.৫৩.০২.০৪৯.২৩/৩৫৩, তারিখ: ২১/০৮/২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১নং পত্রের মাধ্যমে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ চট্টগ্রাম বন্দরের আইসিডি ইয়ার্ডে ঢাকা আইসিডিগামী কন্টেইনার সংখ্যা বৃদ্ধি পাওয়ায় পরবর্তী ০৩ (তিন) মাস ঢাকা আইসিডির পরিবর্তে কন্টেইনারসমূহ নৌ-রুটে পানগাঁও প্রেরণের অথবা আইজিএম সংশোধনের মাধ্যমে চট্টগ্রাম বন্দর থেকে ডেলিভারী নেওয়ার গেজেট প্রকাশের জন্য অনুরোধ জানিয়েছেন। সে প্রেক্ষিতে উল্লিখিত কন্টেইনারজট আশু নিরসনের উদ্দেশ্যে সংযুক্ত তালিকাভুক্ত মোট ১৮৫৬ টি কন্টেইনারে আনীত পণ্য চালানসমূহ কাস্টমস হাউস, চট্টগ্রাম/কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর/কাস্টমস হাউস, পানগাঁও এর মাধ্যমে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে শুল্কায়ন ও খালাস কার্যক্রম সম্পন্নের অনুমতি প্রদান করা হলো; যথা:-

**শর্ত**

(১) আমদানিকারকের অভিপ্রায় অনুসারে কাস্টমস হাউস, চট্টগ্রাম/কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর/কাস্টমস হাউস, পানগাঁও এর যে কোন বন্দর হতে পণ্য চালান খালাস করা যাবে;

(২) কাস্টমস হাউস, চট্টগ্রাম অথবা কাস্টমস হাউস, পানগাঁও হতে খালাসের ক্ষেত্রে আমদানিকারকগণ অথবা তাদের পক্ষে সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টকে খালাসতব্য কন্টেইনারের তালিকা এবং খালাসের স্থান উল্লেখপূর্বক সংশ্লিষ্ট কাস্টমস হাউস বরাবর আবেদন করতে হবে;

(৩) চট্টগ্রাম বন্দর হতে আলোচ্য পণ্যচালান বা কন্টেইনার চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ব্যবস্থাপনায় শুধুমাত্র জলপথে পরিবহণ করে পানগাঁও বন্দরে আনয়ন করতে হবে;

(৪) কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৮ অনুযায়ী উপরের শর্ত ২ এর ক্ষেত্রে যানবাহন এবং কার্গো ঘোষণা সংশোধন করতে হবে।

০২। এ পত্রের কার্যকারিতা সূত্রের পত্রের সাথে সংযুক্ত তালিকায় বর্ণিত মোট ১৮৫৬ টি কন্টেইনারের খালাসের জন্য আগামী ৩১/১০/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রযোজ্য হবে।

০৩। এ বিষয়ে বিগত ২১/০৮/২০২৪ খ্রি. তারিখে জারিকৃত সূত্রোক্ত ০৩ নং পত্রটি এতদ্বারা বাতিল করা হল।

22/08/24

সংযুক্তি: বর্ণনামতে .............পাতা।

মুকিতুল হাসান
দ্বিতীয় সচিব (কাস্টমস: নীতি)
ই-মেইল: sscuspolicy@gmail.com

**প্রাপক,**

০১। কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম।
০২। কমিশনার, কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর।
০৩। কমিশনার, কাস্টমস হাউস, পানগাঁও।

D:\Customs Policy 2024\Letter\Letter 24.docx